রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২২, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

( শুল্ক ও মূল্য সংযোজন কর )

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪১২ বাংলা/ ২২ আগস্ট, ২০০৫ খ্রিস্টাব্দ

নং এস,আর,ও ২৬৬-আইন/২০০৫/২০৯৮/শুল্ক।– Customs Act, 1969 (Act IV of 1969) এর Section-19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ১০ জ্যৈষ্ঠ, ১৩৯৫ বাংলা মোতাবেক ২৪ মে, ১৯৮৮ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১২২-আইন/৮৭/১১২৪/শুল্ক বাতিলক্রমে জাতীয় সংসদের কোন সদস্য কর্তৃক একটি মোটর গাড়ী, অনধিক ৩০০০ সিসি জ্বালানী অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন জীপ (Jeep) বা অনধিক ১৬৫০ সিসি জ্বালানী অপসারণক্ষম ইঞ্জিন শক্তি সম্পন্ন কার (car), আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় সমুদয় customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মওকুফ করিলেন, যথা ঃ–

(ক) কোন ব্যক্তি সংসদ-সদস্য হিসাবে শপথ গ্রহণ করিবার পর, প্রথমবার নির্বাচিত হওয়ার ক্ষেত্রে customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক মুক্তভাবে একটি মাত্র মোটর গাড়ী আমদানি করিতে পারিবেন ঃ


মূল্য ঃ টাকা ২.০০

তবে শর্ত থাকে যে, সংসদ সদস্য হিসাবে শপথ গ্রহণের পর সংসদের মেয়াদকাল অন্যূন দুই বৎসর থাকিতে হইবে;

(খ) কোন ব্যক্তি সংসদ-সদস্য হিসাবে একাধিকবার নির্বাচিত হইলেও, প্রথম বার সংসদ সদস্য হিসাবে শপথ গ্রহণ করিবার তারিখ হইতে সাত বৎসর পূর্তির অব্যবহিত পর কিংবা পরবর্তীকালে অন্য যে কোন সময় সংসদ-সদস্য থাকাকালীন customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক মুক্তভাবে আরও একটি মোটর গাড়ী আমদানি করিতে পারিবেন;

(গ) আমদানিকৃত মোটর গাড়ী আমদানিকারক সংসদ-সদস্য পদে বহাল থাকাকালীন অথবা উহা আমদানির পরবর্তী চার বৎসর, যাহা পূর্বে হয়, সময়ের পূর্বে হস্তান্তর করা যাইবে না;

(ঘ) আমদানির পর চার বৎসর অতিবাহিত হইবার পূর্বে আমদানিকৃত মোটর গাড়ী হস্তান্তর করিতে হইলে এই প্রজ্ঞাপনের অধীন মওকুফকৃত সমুদয় customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক উক্ত মোটরগাড়ী হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস্ কমিশনার এর নিকট পরিশোধ করিতে হইবে;

(ঙ) এই প্রজ্ঞাপনের অধীন customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক মুক্ত আমদানির সুবিধা লাভের নিমিত্ত সংশ্লিষ্ট সংসদ-সদস্যকে মাননীয় স্পীকার হইতে এই মর্মে একটি প্রত্যয়ন পত্র গ্রহণ করিতে হইবে যে জাতীয় সংসদের সদস্য-পদ সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের স্বার্থে তাঁহার (সংসদ সদস্যের) এইরূপ মোটরগাড়ীর প্রয়োজন আছে;

(চ) মাননীয় স্পীকার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রটি আমদানিকৃত মোটর গাড়ী খালাসের জন্য সংশ্লিষ্ট শুল্ক ভবনে দাখিল করিতে হইবে;

(ছ) এই প্রজ্ঞাপনের অধীন মোটর গাড়ী আমদানির পর কোন সংসদ-সদস্য আমদানি তারিখের পরবর্তী তিন বৎসরের মধ্যে মৃত্যুবরণ করিলে তাঁহার উত্তরাধীকারীগণ নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী উক্ত মোটর গাড়ী ব্যবহার বা উহা হস্তান্তর করিবার অধিকারী হইবেন, যথাঃ–

(১) মোটর গাড়ী আমদানির তারিখ হইতে সংসদ-সদস্যের মৃত্যুর তারিখ পর্যন্ত সময় (উভয় তারিখ অন্তর্ভুক্ত) এর জন্য customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধ করিতে হইবে না, তবে আমদানির তিন বৎসরের মধ্যে মৃত্যু-পরবর্তী বাকী সময়ের জন্য উপ-দফা (২) ও (৩) এ উল্লিখিত হারে কর পরিশোধ করিতে হইবে;

উত্তরাধিকারীগণ উক্ত মোটর গাড়ী হস্তান্তর করিতে চাহিলে হস্তান্তরের পূর্বেই কর পরিশোধ করিবেন;

(২) উক্ত সংসদ-সদস্যের মৃত্যু-পরবর্তী প্রতি বৎসরের জন্য পরিশোধযোগ্য করের পরিমাণ হইবে, আমদানির তারিখে প্রযোজ্য customs duty, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক এর এক তৃতীয়াংশ বা শতকরা ৩৩.৩৩ ভাগ এর সমপরিমাণ কর;

(৩) উক্তরূপ মৃত্যু-পরবর্তী আংশিক বৎসরের ক্ষেত্রে, ছয় মাস বা তদূর্ধ্ব সময়কে পূর্ণ বৎসর হিসাবে গণনা করা হইবে এবং উপ-দফা (২) অনুসারে কর প্রদেয় হইবে; ছয় মাসের কম সময়ের জন্য কোন কর প্রদান করিতে হইবে না।

২। কোন সংসদ-সদস্য কর্তৃক দেশে অনুমোদিত গাড়ী সংযোজনকারী প্রতিষ্ঠানে সংযোজিত জীপ ক্রয় করার ক্ষেত্রে সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় আমদানিকৃত জীপের উপর প্রযোজ্য customs duty, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক এই শর্তে মওকুফ করা হইল যে, উক্ত জীপ ক্রয়ের পরবর্তী চার বৎসরের মধ্যে হস্তান্তর করা হইলে হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট সংসদ-সদস্যকে মওকুফ প্রাপ্ত সমুদয় customs duty, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনার এর নিকট পরিশোধ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ জীপ ক্রয়ের পরবর্তী তিন বৎসরের মধ্যে উক্ত সংসদ-সদস্য মৃত্যুবরণ করিলে তাঁহার উত্তরাধিকারীগণ কর্তৃক উক্ত জীপটি ব্যবহার বা হস্তান্তরের ক্ষেত্রে প্রথম অনুচ্ছেদের (ছ) দফায় বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে এবং এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে "জীপ ক্রয়ের তারিখ" কে উক্ত দফায় উল্লিখিত "আমদানির তারিখ" বলিয়া গণ্য করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আ, মু, মসরুর আহমেদ )
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।